



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
dss.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.০১.০০১.২২.৫

তারিখ: ২০ পৌষ ১৪২৯
০৪ জানুয়ারি ২০২৩

বিষয়: উপজেলা সমাজসেবা কার্যালয়, লাখাই এর অভ্যন্তরীণ অডিট প্রতিবেদন মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: .

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ২০ ডিসেম্বর ২০২২ উপজেলা সমাজসেবা অফিস লাখাই এর দাপ্তরিক ও মাঠ কার্যক্রমের সকল রেজিস্টার, নথিপত্র ও ক্যাশবহি নিয়ম-স্বাক্ষরকারীর অফিসে যাচাইপূর্বক নিম্নোক্ত ত্রুটি/ঘাটতি পাওয়া যায়:

শুরু হতে ৬ষ্ঠ পর্ব:

১. মূলধনের পরিমাণ ২,৭৩,২৪০/-টাকা দীর্ঘ দিন ধরে অনাদায়ী রয়েছে; বিশেষ বরাদ্দের ক্ষেত্রে গ্রামভিত্তিক বিতরণের তালিকা নাই, পূর্নবিনিয়োগের ৬,২৬,১৫০/- টাকা দীর্ঘ দিন ধরে মাঠে অনাদায়ী, ১৪,৬৮,৫১৫/-টাকা ব্যাংকে গচ্ছিত অবস্থায় আছে; সার্ভিস চার্জ ও ব্যাংক সুদের হিসাব দেখাতে পারেনি এবং গ্রামভিত্তিক ক্যাশ বহি নাই।

সুদমুক্ত ক্ষুদ্রঋণ:

২. মূলধন অনাদায়ী ২৯,১১,৯০০/-টাকা ও পুনঃবিনিয়োগের ৩২,৬১,৯০০ - টাকা দীর্ঘদিন যাবৎ অনাদায়ী; ১৮,০১,২০০/- টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকে গচ্ছিত, ০১/০১/২০১৮ খ্রি. তারিখ হতে ০৭/০৩/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত মোট ২৮,০০,০০০/- টাকা বিতরণ বহিতে কর্মকর্তা ও কর্মচারীর স্বাক্ষর নাই।

পল্লী মাতৃকেন্দ্র:

৩. বিনিয়োগের ২,১৩,১৩৪/-টাকা এবং পুনঃবিনিয়োগের ৪,২০,৯২৬/- টাকা দীর্ঘদিন অনাদায়ী; ৭,৮৮,২১০/-টাকা দীর্ঘদিন ধরে ব্যাংকে গচ্ছিত; গ্রামভিত্তিক ক্যাশবহি নাই;

এসিড দান্ড ও শারীরিক প্রতিবন্ধী ঋণ:

৪. বিনিয়োগের ৮,২৯,৩৪৫ টাকা দীর্ঘদিন ধরে মাঠে অনাদায়ী; পুনঃ বিনিয়োগের ২,৫৫,১৫০/-টাকা অনাদায়ী, ৫,৩২,১৫৫/-টাকা ব্যাংকে দীর্ঘদিন ধরে গচ্ছিত, ১৯/০৬/২০০৪ খ্রি. হতে ২৮/০৬/২০১০ খ্রি. তারিখ পর্যন্ত মোট ১৪,৪৩,০০০/- টাকা ঋণ বিতরণের কোন রাজস্ব স্ট্যাম্প লাগানো হয়নি ও সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর স্বাক্ষর নাই;

৫. প্রতিটি গ্রামের সার্ভিস চার্জ ও ব্যাংক সুদের কোন হিসাব পাওয়া যায়নি;

৬. ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রম ১,২৫,০০০/- টাকা পুনর্বাসন কাজে ব্যবহার হয়নি;

৭. রোগী কল্যাণ সমিতির ৪,২৮,২০২/- টাকা ব্যাংকে গচ্ছিত;

এমতাবস্থায় আগামী ৩১ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে বর্ণিত ত্রুটি/বিচ্যুতি সংশোধন ও সকল রেজিস্টার, নথিপত্র, ক্যাশবহি হালনাগাদসহ সকল বিনিয়োগ ও পুনঃবিনিয়োগ শতভাগ নিশ্চিত করার যথাযথ পদক্ষেপ গ্রহণে আপনাকে অনুরোধ করা হলো।

০৪-০১-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম

পরিচালক

০১৮১৮৫৯৫৩৪৫

shahidulislam.dss@gmail.com

উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ।

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.০১.০০১.২২.৫ /১ (৩)

তারিখ: ২০ পৌষ ১৪২৯
০৪ জানুয়ারি ২০২৩

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর;

২। পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর এবং

৩। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজ সেবা কার্যালয়, লাখাই, হবিগঞ্জ।



০৪-০১-২০২৩

মোহাম্মদ শহীদুল ইসলাম

পরিচালক